মুহরিম অবস্থায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কীভাবে তাঁর মাথা ধৌত করতেন? আবূ আইউব রাদিয়াল্লাহু আনহু স্বীয় হাতকে কাপড়ের ওপর রেখে তা সরালেন। এতে আমার সামনে তার মাথা উন্মুক্ত হলো। অতঃপর যে লোকটি তার শরীরে ঢালছিল তাকে বললেন, পানি ঢালো। সে তাঁর মাথায় পানি ঢালল। অতঃপর তিনি দু’হাত দিয়ে মাথা নাড়া দিয়ে হাত দু’টি একবার সামনে আনলেন আবার পেছনের দিকে টেনে নিলেন। এরপর বললেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এভাবে গোসল করতে দেখেছি।

আবওয়া নামক স্থানে আব্দুল্লাহ বিন আব্বাস এবং মিসওয়ার বিন মাখরামা রাদিয়াল্লাহু আনহুমার মধ্যে মতবিরোধ দেখা দিল। আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহু বললেন, মুহরিম তার মাথা ধৌত করবে। আর মিসওয়ার রাদিয়াল্লাহু আনহু বললেন, মুহরিম তার মাথা ধৌত করবে না। বর্ণনাকারী বলেন, আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহু আমাকে আবূ আইউব আনসারী রাদিয়াল্লাহু আনহুর নিকট প্রেরণ করলেন। আমি তাকে কূপের নিকট দু’খুঁটির মাঝখানে কাপড় দিয়ে ঘেরা স্থানে গোসল করতে দেখলাম। আমি তাকে সালাম দিলাম। তিনি বললেন, কে? বললাম, আমি আব্দুল্লাহ বিন হুনাইন। মুহরিম অবস্থায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কীভাবে তাঁর মাথা ধৌত করতেন, এ বিষয়টি জিজ্ঞেস করার জন্য আমাকে আব্দুল্লাহ বিন আব্বাস রাদিয়াল্লাহু আনহু আপনার নিকট প্রেরণ করেছেন। এ কথা শুনে আবূ আইউব রাদিয়াল্লাহু আনহু তাঁর হাত পর্দার কাপড়ের উপর রেখে তা সরিয়ে দিলেন। এতে আমার সামনে তাঁর মাথা প্রকাশিত হলো। অতঃপর যে তার শরীরে পানি ঢালছিল, তাকে বললেন, পানি ঢালো। সে তাঁর মাথায় পানি ঢালল। অতঃপর তিনি দু’হাত দিয়ে মাথা নাড়া দিয়ে হাত দু’টি
একবার সামনে আনলেন আবার পেছনের দিকে টেনে নিলেন। এরপর বললেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এভাবে গোসল করতে ও মাথা ধৌত করতে দেখেছি। অন্য বর্ণনায় এসেছে: এরপর মিসওয়ার রাদিয়াল্লাহু আনহু ইবনে আব্বাস রাদিয়াল্লাহু আনহুকে বললেন, আমি আর কখনও আপনার সাথে বিতর্কে লিপ্ত হব না। [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

মুহরিম মাথা ধৌত করতে পারবে কি না, এ বিষয়ে আব্দুল্লাহ বিন আব্বাস এবং মিসওয়ার বিন মাখরামা রাদিয়াল্লাহু আনহুমা বিতর্ক করছিলেন। এব্যাপারে সন্দেহের স্থল হচ্ছে যে, মুহরিম যদি গোসল অবস্থায় মাথার চুল নাড়ায়, তখন গোসলটি দু একটি চুল পড়ার কারণ হওয়ার সম্ভাবনা রয়েছে। ইত্যবসরে আব্দুল্লাহ বিন হুনাইন রাদিয়াল্লাহু আনহু আবূ আইউবের নিকট এসে তাকে গোসল অবস্থায় দেখেন। তারপর তিনি তাকে বললেন, মুহরিম অবস্থায় রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কীভাবে গোসল করতেন -এ বিষয়টি জিজ্ঞেস করার জন্য আমাকে আবদুল্লাহ ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু আপনার নিকট প্রেরণ করেছেন। তখন তিনি পর্দা সরিয়ে মাথা উন্মুক্ত করলেন। এতে আমার সামনে তার মাথা উন্মুক্ত হলো। যিনি তার উপর পানি

ঢালছিল তাকে বললেন, পানি ঢাল। এরপর তিনি দু’হাত দিয়ে মাথা মাসেহ করে হাত দু’টি একবার সামনে আবার পেছনে টেনে নিলেন। এরপর বললেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে এমন করতে দেখেছি। অতঃপর আব্দুল্লাহ বিন হুনাইন গিয়ে আব্দুল্লাহ বিন আব্বাস রাযিয়াল্লাহু আনহুর মত সঠিক হওয়ার কথা তাদের জানালেন। তারা সত্যের সন্ধানী ছিলেন। তাই মিসওয়ার তার মত পরিহার করলেন এবং ইবনে আব্বাসের শ্রেষ্ঠত্বের স্বীকৃতি দিয়ে বললেন, আমি আপনার সাথে আর কখনো বিতর্কে লিপ্ত হবো না।

http://www.sunnah.global/hadeeth/bn/show/4528